গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.০০৭.২২. ৬২ তারিখ: ১৯ জানুয়ারি, ২০২৩ খ্রি. / ০৫ মাঘ, ১৪২৯ ব.

প্রেরকঃ উপপরিচালক (কাবিখা-২)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

প্রাপকঃ চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।

বিষয়: **২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারী ২য় কিস্তির নগদ অর্থ বরাদ্দ প্রদান প্রসঙ্গে।**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ১২/০১/২০২৩ খ্রিস্টাব্দের ৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.২২.৫৫নং স্মারকের মঞ্জুরী আদেশের প্রেক্ষিতে ২০২২-২০২৩ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় চট্টগ্রাম বিভাগের ১১টি জেলার ১০৩টি উপজেলায় প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত উপজেলাওয়ারী ২য় কিস্তিতে **সর্বমোট ১৭,৩২,২৩,০৮২.৯১ (সতের কোটি বত্রিশ লক্ষ তেইশ হাজার বিরাশি দশমিক নয় এক) টাকা** সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। উক্ত বরাদ্দকৃত অর্থ উপজেলা পরিষদের অনুকূলে উপবরাদ্দ প্রদান ও নিম্নবর্ণিত শর্ত এবং টিআর নির্দেশিকা-২০২১ অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করতে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ-কে অনুরোধ করা হলো।

২। এ ব্যয় ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।

৩। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারকে সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবরে অথরিটি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | | ২য় পর্যায় বরাদ্দকৃত অর্থ (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | কুমিল্লা | ১ | চান্দিনা | ২০৫৩১৫৭.৫৩ |
| | | ২ | দাউদকান্দি | ২৫০৯০৭৬.৯৩ |
| | | ৩ | দেবীদ্বার | ১৯৫৭৫৮৭.১১ |
| | | ৪ | হোমনা | ১৫৬৮৭০২.৬১ |
| | | ৫ | মুরাদনগর | ২৯৭৬৬৩৬.৩৯ |
| | | ৬ | বড়ুরা | ২১৫৮৬৪৫.২৯ |
| | | ৭ | ব্রাহ্মণপাড়া | ১৬৪১১৯০.৬৮ |
| | | ৮ | বুড়িচং | ১৭৯৯৯০১.৭৫ |
| | | ৯ | চৌদ্দগ্রাম | ২২৬৬৭৫৩.৯৩ |
| | | ১০ | কুমিল্লা আদর্শ সদর | ২২৪৮১৭০.০১ |
| | | ১১ | লাকসাম | ১৩৮২১১২.৩৮ |
| | | ১২ | নাঙ্গলকোট | ২২৭৩০৮১.১১ |
| | | ১৩ | মেঘনা | ১২৫৯৯৩০.০৪ |
| | | ১৪ | তিতাস | ১৪৩৩৮৭২ |
| | | ১৫ | কুমিল্লা সদর দক্ষিণ | ১১৭৩০৪২.৩১ |
| | | ১৬ | মনোহরগঞ্জ | ২০১৩১০৫.১২ |
| | | ১৭ | লালমাই | ১১৭৩২০৬.৮৯ |
| | | | মোট= | ৩১৮৮৮১৭২.১ |
| ২ | ফেনী | ১৮ | ছাগলনাইয়া | ১১৬৬৫১৭.২৭ |
| | | ১৯ | দাগনভূইয়া | ১২২৯১৯৮.৪৯ |
| | | ২০ | ফেনী সদর | ১৭০৪৭২৭.১১ |
| | | ২১ | পরশুরাম | ১৩৪২০৪৫.৪৩ |

(অঃ পৃঃ দ্রঃ)

E:\MADHOBI\2022-2023 Allocation\[illegible]

শর্তসমূহঃ-

(১) বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন **আগামী ৩১/০৩/২০২৩** খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
(২) বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা টিআর কর্মসূচির নির্দেশিকা-২০২১ অনুসরণ করে সত্বর জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে।
(৩) এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান, টিআর নির্দেশিকা-২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
(৪) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টিআর কর্মসূচির নির্দেশিকার ৪নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
(৫) নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(৬) প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।
(৭) বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন) নির্বাচিত সদস্যকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।
(৮) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।
(৯) বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পূর্ণ করে প্রকল্পের কাজ শুরু নিশ্চিত করাসহ অব্যয়িত নগদ অর্থ যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।
(১০) বজ্রপাত প্রতিরোধে বজ্র নিরোধক দণ্ড/যন্ত্র (Lightning Arrester) এবং ছাউনি স্থাপন প্রকল্প গ্রহণ করা যাবে।
(১১) জনগুরুত্বপূর্ণ বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান, শিক্ষা/ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান এবং জনবহুল স্থানে জনসাধারণের জানমালসহ সার্বিক নিরাপত্তা এবং সরকারী সম্পদ রক্ষার্থে 'ক্লোজড সার্কিট ক্যামেরা স্থাপন' প্রকল্প গ্রহণ করা যাবে।
(১২) গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত টাকা ছাড় করতে হবে।
(১৩) প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।
(১৪) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।

৪। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

(মোঃ নুরুজ্জামান)
উপপরিচালক (কাবিখা-২)
☎ ০২৫৮৮১৫৫৬০
ই-মেইল: ddmreport@gmail.com

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.০০৭.২২. ৬২

তারিখ: ১৯ জানুয়ারি, ২০২৩ খ্রি.
০৫ মাঘ, ১৪২৯ ব.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা.............................................।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।
৩। জেলা প্রশাসক..................................................(সংশ্লিষ্ট সকল)।
৪। পরিচালক (মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
৫। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [ibas++ এ অর্থ প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।]
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ...........................জেলা-......................(সংশ্লিষ্ট সকল)।
৭। উপজেলা নির্বাহী অফিসার,...........................জেলা-......................(সংশ্লিষ্ট সকল)।
৮। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (বরাদ্দ পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

(অঃ পৃঃ দ্রঃ)

৯। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার , ........................................................ (সংশ্লিষ্ট সকল)।

১০। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,.........................................(সকল) [উল্লিখিত অর্থ ibas++ এ ছাড়করণের জন্য উপ-বরাদ্দের কপি dsbudget@modmr.gov.bd-এ ই-মেইল প্রেরণের জন্য অনুরোধ করা হলো]।

১১। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার , ...................... জেলা, ........................(সংশ্লিষ্ট সকল)।

১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,............................জেলা-................................(সংশ্লিষ্ট সকল)।

১৩। জনাব ................................ (বিভাগ/জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ।

১৪। সহকারী হিসাব রক্ষক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। উপ-পরিচালক (বাজেট/কাবিখা-১/৩), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।

৫। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। পরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা [পরিচালক (কাবিখা) মহোদয়ের সদয় অবগতির জন্য]।

১৯/০১/২০২৩

(মোঃ নূরুজ্জামান)
উপপরিচালক (কাবিখা-২)
০২৫৮৮১৫৫৬০
ই-মেইল: ddmreport@gmail.com

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা
(দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা)
drro.comilla.gov.bd

স্মারক নম্বর: ৫১.০১.১৯০০.০২৫.৪১.০১৪.২২.৪৭

তারিখ: ০৮ মাঘ ১৪২৯ / ২২ জানুয়ারি ২০২৩

অনুলিপি; সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:

১. মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-.........., কুমিল্লা-..........
২. জেলা প্রশাসক, কুমিল্লা
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, .........(সকল), কুমিল্লা
৪. উপজেলা নির্বাহী অফিসার, ...........(সকল), কুমিল্লা। আগামী ২৯/০১/২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট পরিপত্র মোতাবেক প্রকল্প তালিকা এ কার্যালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৫. জেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, কুমিল্লা
৬. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,................(সকল), কুমিল্লা
৭. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,..................(সকল), কুমিল্লা

২২/০১/২০২৩

মোহাম্মদ আবেদ আলী
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
কুমিল্লা
ফোন: ০২৩৩৪৪০০৩৩১
মোবাইল: ০১৭০০-৭১৬৬৯৯
drrocomilla@ddm.gov.bd